# মোথাবাড়ি-কাণ্ডে এনআইএ-র হাতে গ্রেপ্তার আরও ১৪ জন

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** মোথাবাড়ি-কাণ্ডে আবারও অভিযান চালিয়ে ১৪ জনকে গ্রেপ্তার করল এনআইএ। সোমবার গভীর রাতে কালিয়াচক ২ ব্লকের অন্তর্গত মোথাবাড়ি থানার পুলিশের সহযোগিতা নিয়ে বিভিন্ন এলাকায় অভিযান চালায় এনআইএ কর্তারা। পুলিশের একটি সূত্র থেকে জানা গিয়েছে, যেহেতু আর দুই দিন পর ইদ উৎসব পালিত হবে রাজ্যজুড়ে। তার আগেই মোথাবাড়ি-কাণ্ডের এখনও পর্যন্ত পালিয়ে থাকা অনেক অভিযুক্তেরা গোপনে বাড়ি ফেরার চেষ্টা চালাচ্ছে। সেই দিকে লক্ষ্য রেখেই এনআইএ এদিন এভাবেই অভিযান চালিয়ে মোট ১৪ জনকে গ্রেপ্তার করে নিয়ে গিয়েছে। এর আগেই কালিয়াচকের এক তৃণমূল নেতা সারিউল শেখ, উত্তর দিনাজপুর এলাকার মিম নেতা মোফাকেরুল ইসলাম-সহ মোট ৫২ জনকে গ্রেপ্তার করেছিল এনআইএ। এবারে ১৪ জনকে গ্রেপ্তারের মোট ধৃতের সংখ্যা গিয়ে দাঁড়ালো ৬৬ জন। মোথাবাড়ি-কাণ্ডে এনআইএ'র এই অভিযান লাগাতার চলবে বলেও পুলিশের একটি সূত্র থেকে জানা গিয়েছে। এনআইএ কর্তারা নতুন করে ধরপাকড় অভিযান শুরু করার ফলে এখনও থমথমে রয়েছে কালিয়াচক ২ ব্লক অফিস-সহ আশেপাশের এলাকা। তবে এই ধরপাকড় অভিযান সম্পর্কে জেলার পুলিশ সুপার ও অন্যান্য পদস্থ কর্তারা কোনও মন্তব্য করেন নি।

উল্লেখ্য, গত ১ এপ্রিল এসআইআর ইস্যুতে কালিয়াচক ২ ব্লক অফিসে তিন মহিলা-সহ মোট সাতজন বিচারককে আটক করে হেনস্থা করার অভিযোগ ওঠে একদল বিক্ষোভকারীদের বিরুদ্ধে। ওইদিন ঘটনার সময় সংশ্লিষ্ট ব্লক অফিস সংলগ্ন অসংখ্য মানুষ জমায়েত হয়ে অফিসের বাইরে থেকে গেট বন্ধ করে দেয় বলে অভিযোগ। দুপুর থেকে গভীর রাত পর্যন্ত চলে বিক্ষোভ। এমনকি বিচারকদের ওই সময় এসআইআর-এর কাজে বাধা দিয়ে বিক্ষোভকারীরা চরম হেনস্থা করে। পরে বিচারকদের এই সমস্যার কথা জানতে পেরে বেজায় চটে যান দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের বিচারপতি। তাঁর নির্দেশেই তড়িঘড়ি সেখানে পাঠানো হয় কেন্দ্রীয় বাহিনী। পরে এনআইএ তদন্তের নির্দেশ দেওয়া হয়। বিচারকেরা গাড়ি করে ব্লক অফিস থেকে যাওয়ার সময় তাঁদের ওপর ইঁট, পাথর ছুঁড়ে গাড়ি ভাঙচুর করে একদল উন্মুক্ত জনতা। আর এইসব ঘটনার পিছনেই বহিরাগত শক্তি ও তৃণমূলের একাংশের যোগাসাজোগের অভিযোগ উঠতে থাকে। বিজেপির দক্ষিণ মালদা সাংগঠনিক সভাপতি অজয় গঙ্গোপাধ্যায় বলেন, 'যারা অন্যায় করেছে তাদের কঠোর শাস্তি হবে। আর এই ঘটনার পিছনে তৃণমূলের যে একটা বড় অংশ জড়িত ছিল, তা এর আগেই প্রমাণ হয়েছে।' তৃণমূলের জেলা সভাপতি আব্দুর রহিম বক্সি বলেন, 'বিজেপি অযথা ভিত্তিহীন অভিযোগ করে আসছে। তবে নতুন করে কারা গ্রেপ্তার হয়েছে সেই সম্পর্কে কিছু জানা নেই।'

## জেলার উন্নয়নে জোর

# বালুরঘাটে উচ্চপর্যায় প্রশাসনিক বৈঠক সারলেন সুকান্ত মজুমদার



**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** দক্ষিণ দিনাজপুর জেলার সার্বিক উন্নয়ন এবং একাধিক গুরুত্বপূর্ণ প্রশাসনিক বিষয় নিয়ে জেলা প্রশাসনের শীর্ষকর্তাদের সঙ্গে এক উচ্চপর্যায়ের বৈঠক সারলেন বালুরঘাট লোকসভা কেন্দ্রের সাংসদ তথা ভারত সরকারের প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার। মঙ্গলবার দক্ষিণ দিনাজপুর জেলাশাসকের দপ্তরে এই গুরুত্বপূর্ণ বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠকে জেলা প্রশাসনের পক্ষে উপস্থিত ছিলেন জেলাশাসক বালা সুব্রামানিয়ান টি. এবং জেলা পুলিশ সুপার চিন্ময় মিত্তাল।

জেলাশাসকের কক্ষে আয়োজিত এই প্রশাসনিক বৈঠকে জেলার একাধিক উন্নয়নমূলক প্রকল্পের বর্তমান পরিস্থিতি এবং প্রশাসনিক কাজের অগ্রগতি নিয়ে দীর্ঘ আলোচনা হয়। প্রশাসন সূত্রে খবর, জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি খতিয়ে দেখার পাশাপাশি কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনকল্যাণমুখী প্রকল্প যাতে দ্রুত এবং সঠিকভাবে সাধারণ মানুষের কাছে পৌঁছায়, সেই বিষয়ে বিশেষ জোর দেওয়া হয়েছে। প্রকল্পগুলি বাস্তবায়নের ক্ষেত্রে কোনও রকম খামতি যাতে না থাকে, সে বিষয়েও আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে বলে জানা গেছে। বৈঠক শেষে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার নিজের সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, 'দ্বৈত ইঞ্জিন সরকার হওয়ার পর এই প্রথম প্রশাসনের সঙ্গে আমার প্রশাসনিক বৈঠক হলো।' এর পাশাপাশি তিনি আরও যোগ করেন, 'জেলার সামগ্রিক উন্নয়নের স্বার্থে কেন্দ্র ও জেলা প্রশাসনের মধ্যে সঠিক সমন্বয় রেখে কাজ করা অত্যন্ত জরুরি এবং সেই লক্ষ্যেই এদিনের বৈঠকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।' রাজনৈতিক ও প্রশাসনিক মহলের মতে, বালুরঘাট লোকসভা কেন্দ্রের সাংসদ তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর এই বৈঠক অত্যন্ত তাৎপর্যপূর্ণ। জেলার স্তিমিত বা থমকে থাকা উন্নয়নমূলক কাজগুলিকে আরও গতিশীল করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। এলাকার সাধারণ মানুষের স্বার্থে এবং উন্নয়নের চাকা সচল রাখতে ভবিষ্যতেও এই ধরনের প্রশাসনিক সমন্বয় বৈঠক অব্যাহত থাকবে বলেই মনে করছে ওয়াকিবহাল মহল।

# বনগাঁ সীমান্তে চলছে দ্রুত জমি অধিগ্রহণ

**নিজস্ব প্রতিবেদন, বনগাঁ:** মন্ত্রী অশোক কির্তনীয়া সীমান্ত পরিদর্শনের পরে বনগাঁ কালিয়ানী সীমান্তে কাঁটাতারের জন্য জমি অধিগ্রহণের কাজ চলছে দ্রুতগতিতে। উত্তর চব্বিশ পরগনার বনগাঁ সীমান্তের ছয়ঘড়িয়া গ্রাম পঞ্চায়েত এলাকার কালিয়ানী সীমান্ত গত ১৭ মে রবিবার পরিদর্শন করেন বনগাঁ উত্তর কেন্দ্রের বিজেপি বিধায়ক তথা রাজ্যের খাদ্য ও সমবায় মন্ত্রী অশোক কীর্তনীয়া। সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন এবং দ্রুত যাতে জমি অধিগ্রহণের হয় সেই বিষয়ে তদারকি করেন। মন্ত্রী পরিদর্শনের এক সপ্তাহের মধ্যেই কালিয়ানী সীমান্ত এলাকায় জমি অধিগ্রহণের কাজ শুরু হয়েছে জোর কদমে। মন্ত্রী অশোক কির্তনীয়া জানিয়েছেন, 'স্বরাষ্ট্রমন্ত্রী ও মুখ্যমন্ত্রী বলেছেন ৪৫ দিনের মধ্যে কাঁটাতারের জন্য জমি অধিগ্রহণের কাজ সমাপ্ত করতে হবে। আমি পরিদর্শন করবার পরেই জানতে পেরেছি জমির অধিগ্রহণের কাজ শুরু হয়েছে জোর কদমে।'

## 'ভয়ে পঞ্চায়েতে আসতে পারিনি'

# মিষ্টি বিলিয়ে প্রবেশ কামারপুকুর জিপির পঞ্চায়েতের বিজেপি সদস্যার

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** আরামবাগ মহকুমার কামারপুকুর গ্রাম পঞ্চায়েতে রাজনৈতিক উত্তাপের আবহে সামনে এলো এক ব্যতিক্রমী ছবি। বিজেপি সরকার ক্ষমতায় আসার পর এই প্রথমবার কামারপুকুর পঞ্চায়েতের এক মহিলা সদস্য ওই পঞ্চায়েতের কর্মী ও সাধারণ মানুষজনকে মিষ্টিমুখ করিয়ে পঞ্চায়েত ভবনে প্রবেশ করলেন।



কামারপুকুর গ্রাম পঞ্চায়েতের বিজেপি সদস্যার নাম সোমাশ্রী বাগ। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চর্চা শুরু হয়েছে। জানা গিয়েছে, ২০২৩ সালের পঞ্চায়েত নির্বাচনে কামারপুকুর পঞ্চায়েতের পুকুরিয়া এলাকা থেকে বিজেপির প্রার্থী হিসেবে জয়লাভ করেছিলেন সোমাশ্রী বাগ। তবে অভিযোগ, নির্বাচনে জেতার পর দীর্ঘদিন তিনি পঞ্চায়েত ভবনে প্রবেশ করতে পারেননি। মঙ্গলবার অবশেষে সমর্থক ও স্থানীয় মানুষজনকে নিয়ে মিষ্টি বিতরণ করে পঞ্চায়েতে প্রবেশ করেন তিনি। এদিন সোমাশ্রী বাগ অভিযোগ করে বলেন, 'পঞ্চায়েত ভোটে জয়লাভ করার পর থেকেই আমাকে কামারপুকুর পঞ্চায়েতে ঢুকতে দেওয়া হয়নি। ওই পঞ্চায়েতের প্রধান রাজদ্বীপ দের এতটাই প্রতাপ ছিল যে আমি ভয়ে থাকতাম। তৃণমূল প্রধান ও তার বাহিনী এলাকায় অত্যাচার চালাত। যদি আমার উপরও অত্যাচার হয়, সেই আশঙ্কায় এতদিন পঞ্চায়েতে আসিনি। আজ সাধারণ মানুষ ও কর্মীদের মিষ্টিমুখ করিয়ে পঞ্চায়েতে ঢুকলাম। খুব ভালো লাগছে।' তিনি আরও দাবি করেন, বিরোধী দলের জনপ্রতিনিধি হওয়ায় তাঁকে নানা ভাবে বঞ্চিত করা হয়েছে এবং এলাকায় উন্নয়নের কাজ নিয়েও প্রতিবন্ধকতা তৈরি করা হয়েছে। যদিও এই সমস্ত অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল নেতৃত্ব। তাদের দাবি, রাজনৈতিকভাবে গুরুত্ব পেতেই ভিত্তিহীন অভিযোগ করছেন বিজেপি সদস্যা। ঘটনাকে কেন্দ্র করে কামারপুকুর এলাকায় রাজনৈতিক চাপানউতোর শুরু হয়েছে। স্থানীয়দের একাংশের মতে, দীর্ঘদিন পরে বিরোধী দলের কোনও জনপ্রতিনিধির এভাবে প্রকাশ্যে পঞ্চায়েতে প্রবেশ রাজনৈতিকভাবে তাৎপর্যপূর্ণ। অন্যদিকে বিজেপি নেতৃত্বের দাবি, রাজ্যে পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতির জেরেই এখন বিরোধী সদস্যরাও নিজেদের অধিকার প্রতিষ্ঠা করতে পারছেন। এদিকে গোটা ঘটনাকে ঘিরে এলাকায় কৌতূহল ছড়িয়েছে। পঞ্চায়েত ভবনের সামনে এদিন বিজেপি সমর্থকদের উপস্থিতিও ছিল চোখে পড়ার মতো। মিষ্টি বিতরণ থেকে শুরু করে স্লোগান, সব মিলিয়ে রাজনৈতিক আবহে সরগরম হয়ে ওঠে কামারপুকুর।

# নজরুল জন্মজয়ন্তী উদযাপিত সিউড়িতে



**নিজস্ব প্রতিবেদন সিউড়ি:** শ্রদ্ধার সঙ্গে বিদ্রোহী কবি নজরুল ইসলামের ১২৬তম জন্মদিন পালন করা হলো সিউড়িতে। স্বেচ্ছাসেবী সাংস্কৃতিক সংগঠন 'প্রেরণা' সিউড়ি বীরভূমের উদ্যোগে ও মা আনন্দময়ী কালচারাল সেন্টারের যৌথ আয়োজনে সিউড়ি ডাঙ্গালপাড়ায় এই উপলক্ষে মঙ্গলবার সন্ধ্যায় আয়োজিত হয় একটি সাংস্কৃতিক অনুষ্ঠান। সিউড়ি শহরের সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও শিল্পীরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। নাচ, গান, কবিতায় শ্রদ্ধার সঙ্গে কবিকে স্মরণ করতে পেরে খুশি সকলেই। প্রেরণা সিউড়ি বীরভূমের পক্ষে অসীমা মুখোপাধ্যায় বলেন, 'আমরা সাংস্কৃতিক কর্মী রবীন্দ্রনাথের জন্মদিন আমরা পালন করেছিলাম নজরুলের জন্মদিনও পালন করলাম সকলে মিলে, নবীন এবং প্রবীণ শিল্পীরা শ্রদ্ধা জানালেন বাংলার ঐতিহ্য পরম্পরা মেনে।'


## হিন্দুস্থান ক্রেডিট ক্যাপিটাল লিমিটেড

(রেজি. অফিস : ৩য় তল, ইউনিট ডি, ৩, ব্রিটিশ ইন্ডিয়ান স্ট্রিট, কলকাতা পব ৭০০০৬৯
কর্পোরেট অফিস :- জি-০৫, প্রথম তল, প্লট নং এসইউ এলএসসি বি-ব্লক আরজি সিটি সেন্টার, লরেন্স রোড, দিল্লি - ১১০০৩৫)
CIN : L17125WB1983PLC036209
ই-মেল : info@hindusthancreditcapital.com, ওয়েবসাইট : www.hindusthancreditcapital.com)

**৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(ইপিএস ব্যতীত লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণাদি | সমাপ্ত তিন মাস | | | সমাপ্ত আর্থিক বর্ষ | |
|---|---|---|---|---|---|---|
| | | ৩১ মার্চ, ২০২৬ | ৩১ মার্চ, ২০২৫ | ৩১ মার্চ, ২০২৫ | ৩১ মার্চ, ২০২৬ | ৩১ মার্চ, ২০২৫ |
| | | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত | নিরীক্ষিত | নিরীক্ষিত |
| ১. | মোট আয় কারবার থেকে | | - | - | ১৭.৯৭ | ১৮.০০ |
| ২. | নিট লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের (কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফাসমূহ পূর্ব) | ১৩.৭৩ | (৫.৪০) | ১০.০৫ | (৫.৬৯) | (৮.৫৮) |
| ৩. | নিট লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফাসমূহ পরবর্তী) | ১৩.৭৩ | (৫.৪০) | ১০.০৫ | (৫.৬৯) | (৮.৫৮) |
| ৪. | নিট লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফাসমূহ পরবর্তী) | ১৩.৭৩ | (৫.৪০) | ১০.০৫ | (৫.৬৯) | (৮.৫৮) |
| ৫. | মোট সংবদ্ধ আয় সংশ্লিষ্ট সময়ের [সংশ্লিষ্ট আয়/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের (কর পরবর্তী) এবং অন্যান্য সংবদ্ধ আয় (কর পরবর্তী)] | ১৩.৭৩ | (৫.৪০) | ১০.০৫ | (৫.৬৯) | (৮.৫৮) |
| ৬. | ইক্যুইটি শেয়ার মূলধন | ৩৮৩.৮২ | ১০.০৫ | ৩৮৩.৮২ | ১০.০৫ | ৩৮৩.৮২ |
| ৭. | সংরক্ষণ (পুনর্মূল্যায়নের সংরক্ষণ ব্যতীত) পূর্ব বর্ষের নিরীক্ষিত ব্যালেন্সশিট প্রদর্শিত অনুযায়ী | | | | | |
| ৮. | শেয়ার পিছু আয় (১০ টাকা প্রতিটি) (কারবার চালু এবং বন্ধের সময়ে) | - | - | - | - | ৪৩০.২৯ |
| | ক) মূল : | ০.৩৬ | (০.১৪) | ০.২৬ | (০.১৫) | (০.২২) |
| | খ) মিশ্র : | ০.৩৬ | (০.১৪) | ০.২৬ | (০.১৫) | (০.২২) |

**দ্রষ্টব্য:** ১) ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ত্রৈমাসিক / বার্ষিক আর্থিক ফলাফলের বিস্তারিত বয়ানের উক্ত সংক্ষিপ্ত স্টক এক্সচেঞ্জগুলিতে সংযুক্ত করা হয়েছে ২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনসের রেগুলেশন ৩৩ অধীনে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ(গুলির) ওয়েবসাইট **www.cse-india.com**, কোম্পানির ওয়েবসাইট **www.hindusthancreditcapital.com** থেকে। নিম্নোক্ত কিউআর কোড স্ক্যান করেও সংশ্লিষ্ট তথ্য পাওয়া যাবে।

তারিখ : ২৫ মে, ২০২৬
স্থান : গ্রেটার নয়ডা

ডিরেক্টর বোর্ডের পক্ষে এবং জন্য
হিন্দুস্থান ক্রেডিট ক্যাপিটাল লিমিটেড
স্বা/-
হিমাংশু গর্গ
হোল টাইম ডিরেক্টর
ডিন - ০৮০৫৫৬১৬



## দি পেরিয়া কারামালাই টি অ্যান্ড প্রোডিউস কোম্পানি লিমিটেড

রেজি.অফিস: ৭, মুন্সি প্রেমচাঁদ সরণি, হেস্টিংস, কলকাতা-৭০০ ০২২
ফোন: (০৩৩) ২২২৩৩৩৯৪, ই-মেল: periatea@lnbgroup.com, ওয়েবসাইট : www.periatea.com
CIN : L01132WB1913PLC220832

**৩১ মার্চ, ২০২৬ তারিখ সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের স্ট্যান্ডঅ্যালোন নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ**

(লক্ষ টাকায়)

| ক্রম নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | বর্ষ সমাপ্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | ৩১.০৩.২০২৬ উল্লেখ্য দ্রষ্টব্য নং ৪ | ৩১.১২.২০২৫ অনিরীক্ষিত | ৩১.০৩.২০২৫ উল্লেখ্য দ্রষ্টব্য নং ৪ | ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত | ৩১.০৩.২০২৫ নিরীক্ষিত |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ১,২১০.২৩ | ১,৭৫৭.২৮ | ৯৯৭.১৮ | ৬,৮৩০.৩২ | ৫,০৫৭.১০ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব) | (৯১৫.৪৯) | ৩৬৮.৫৮ | (২৮৯.৪০) | (২৭৬.২৩) | ৪৯.৫৩ |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | (৯১৬.৪২) | ৩৬৩.৫৫ | (২৮৯.৪০) | (২৮২.১৮) | ৪৯.৫৩ |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | (৯৮১.২৩) | ৪১.০১ | (৩৩৬.৬৭) | (৬৬৭.০৫) | ২৪.১১ |
| ৫ | সময়কাল [সময়কালের (কর পরবর্তী) লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)-এর অন্তর্গত ]-এর জন্য মোট ব্যাপক আয় | ২৩,০৭১.৫৬ | ৬১.১২ | ১,০৬৭.৬৬ | ২৩,৭৮৬.০৭ | ২,১০৬.২৬ |
| ৬ | পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (১০/- টাকা প্রতিটি) | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ |
| ৭ | রিজার্ভ (পূর্ববর্তী বছরের ব্যালান্সশীটে প্রদর্শিত মতো পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে রিজার্ভ) | | | | ৪৪,৬৪২.৮৩ | ২০,৮৮৭.৭২ |
| ৮ | শেয়ার প্রতি আয় (১০/- টাকার প্রতিটি) | | | | | |
| | - মৌলিক | (৩১.৬৯) | ১.৩২ | (১০.৮৭) | (২১.৫৫) | ০.৭৮ |
| | - মিশ্রিত | (৩১.৬৯) | ১.৩২ | (১০.৮৭) | (২১.৫৫) | ০.৭৮ |

দ্রষ্টব্য :-

১. ৩১শে মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত বছরের জন্য সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ একটি নিরীক্ষা কার্য পরিচালনা করেছেন । বিবরণীটি ২৬শে মে, ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত হয়েছে এবং ২৬শে মে, ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে ।

২. এই স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলসমূহ কোম্পানির আইন, ২০১৩-এর ধারা ১৩৩ এবং সংশোধিত কোম্পানির (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস) রুলস, ২০১৫-এর অধীনে নির্ধারিত ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড -এর স্বীকৃতি ও পরিমাপের নীতিসমূহ অনুসরণ করে প্রস্তুত করা হয়েছে ।

৩. সংস্থাটি চা, শক্তি এবং বিনিয়োগ হিসাবে তার ব্যবসায়কে তিনটি বিভাগে সংগঠিত করেছে যা ''সেগমেন্ট রিপোর্টিং'' নীতির ভারতীয় অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড (ইন্ড এএস -১০৮-অপারেটিং সেগমেন্ট) এর সাথে সামঞ্জস্যপূর্ণ।

৪. ৩১শে মার্চ, ২০২৬ এবং ৩১শে মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের পরিসংখ্যানগুলো মূলত সংশ্লিষ্ট আর্থিক বছরের পূর্ণাঙ্গ নিরীক্ষিত পরিসংখ্যান এবং উক্ত আর্থিক বছরের তৃতীয় প্রান্তিক পর্যন্ত প্রকাশিত বছরের শুরু থেকে আজ পর্যন্ত পরিসংখ্যানের মধ্যকার ভারসাম্যমূলক বা অবশিষ্ট পরিসংখ্যান।

৫. ভারত সরকার ২১/১১/২০২৫ থেকে কার্যকর করে কোড অন ওয়েজেস, ২০১৯; দ্য ইন্ডাস্ট্রিয়াল রিলেশন কোড, ২০২০; কোড অন সোশ্যাল সিকিউরিটি, ২০২০ এবং দ্য অকুপেশনাল সেফটি, হেলথ অ্যান্ড ওয়ার্কিং কন্ডিশনস কোড, ২০২০ (ক্ষ্মলেবার কোডসক্ষ্ম বা শ্রম কোডসমূহ) প্রজ্ঞাপিত করেছে, যা বিদ্যমান ২৯টি শ্রম আইনকে একীভূত করে । এই শ্রম কোডসমূহ অন্যান্য বিষয়ের পাশাপাশি মজুরির একটি অভিন্ন সংজ্ঞা এবং ছুটি সংক্রান্ত বর্ধিত সুবিধাদিসহ বেশ কিছু পরিবর্তন প্রবর্তন করেছে । শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক এই সমস্ত নিয়ন্ত্রক পরিবর্তনের ফলে সৃষ্ট আর্থিক প্রভাব মূল্যায়নের সুবিধার্থে খসড়া কেন্দ্রীয় বিধি এবং প্রশ্নোত্তর জারি করেছে । ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া কর্তৃক জারি করা নির্দেশিকা অনুযায়ী, কোম্পানিটি ৩১/০৩/২০২৬ তারিখে সমাপ্ত তিন মাস এবং বছরের আর্থিক ফলাফলে 'অপ্রত্যাশিত বিষয়' -এর অধীনে এই আর্থিক প্রভাব মূল্যায়ন ও প্রকাশ করেছে । নতুন শ্রম কোডের অধীনে মজুরির সংশোধিত সংজ্ঞার কারণে মূলত অতীত সেবা খরচ হিসেবে অতিরিক্ত কর্মচারী সুবিধা বাধ্যবাধকতার প্রতি সংবিধিবদ্ধ প্রভাব বাবদ কোম্পানি ৫.৯৫ লক্ষ টাকা স্বীকৃতি দিয়েছে । কোম্পানি শ্রম কোড বাস্তবায়নের অগ্রগতি পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে এবং পরবর্তী ব্যাখ্যা ও বিধিমালা প্রজ্ঞাপিত হওয়ার সাথে সাথে এই প্রাক্কলনগুলো পর্যালোচনা করবে ।

৬. তামিলনাড়ুর আরলভাইমোঝিতে অবস্থিত উইন্ডমিল ল্যান্ড (বায়ুকলের জমি) এবং কোলহাপুরের সম্পত্তি বিক্রয়লব্ধ মুনাফা 'অন্যান্য আয়'-এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে , যার পরিমাণ ৩১শে মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত বছরের জন্য মোট ১৯৪.৪৩ লক্ষ টাকা এবং সমাপ্ত প্রান্তিকের জন্য ৫৬.৫১ লক্ষ টাকা ।

৭. কোম্পানির কাছে প্লেসিড লিমিটেডের ৯৩,৫৯০টি সাধারণ শেয়ার ছিল, যা তাদের পরিশোধিত শেয়ার মূলধনের ১৭.৪৩%। প্লেসিড লিমিটেড, যা পুনর্গঠন পরিকল্পনার অন্যতম হস্তান্তরকারী কোম্পানি, সেটি মাননীয় এনসিএলটি, কলকাতা-এর ১৬ই মার্চ, ২০২৬ তারিখের আদেশ বলে ১লা এপ্রিল, ২০২৪-এর কার্যকর তারিখ থেকে মহারাজা শ্রী উমাইদ মিলস লিমিটেডের (এমএসইউএমএল) সাথে একীভূত হয়েছে। শেয়ার অদলবদল অনুপাত অনুযায়ী, কোম্পানিটি প্লেসিড লিমিটেডের শেয়ারের বিপরীতে এমএসইউএমএল -এর ৪,৮১,৯৮,৮৫০টি শেয়ার পাওয়ার অধিকারী (শেয়ার বরাদ্দ প্রক্রিয়াধীন রয়েছে) এবং কোম্পানিটি বছর শেষে তার ইনভেস্টমেন্ট শিডিউলের অধীনে এই ফলস্বরূপ প্রাপ্ত এমএসইউএমএল শেয়ারসমূহ প্রদর্শন করেছে । ইন্ড এএস অ্যাকাউন্টিং নীতিমালার প্রয়োজনীয়তার সাথে সংগতি রেখে, কোম্পানি ৩১শে মার্চ, ২০২৬ তারিখের ভিত্তিতে একজন আইবিবিআই নিবন্ধিত মূল্যায়নকারী কর্তৃক প্রদত্ত এমএসইউএমএল-এর একটি ন্যায্য মূল্যায়ন প্রতিবেদন গ্রহণ করেছে । তদনুসারে, ৩১শে মার্চ, ২০২৬ পর্যন্ত এমএসইউএমএল-এ কোম্পানির উক্ত বিনিয়োগটি ২০২৫-২৬ অর্থ বছরের আর্থিক বিবরণীতে ৩৮,৭০৩.৬৮ লক্ষ টাকা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে ।

৮. কোম্পানিতে মহারাজা শ্রী উমাইদ মিলস লিমিটেডের পরিশোধিত সাধারণ শেয়ার মূলধনের প্রত্যক্ষ ও পরোক্ষ মোট শেয়ারহোল্ডিং আনুমানিক ৫১.৬৬%, এবং ফলস্বরূপ এমএসইউএমএল এই কোম্পানির হোল্ডিং কোম্পানিতে পরিণত হয়েছে ।

৯. ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত বছরের 'অন্যান্য খরচ'-এর মধ্যে মিউচুয়াল ফান্ড বিনিয়োগের ন্যায্য মূল্যের সমন্বয় সংক্রান্ত ২,১৫৫.৬৯ লক্ষ টাকা অন্তর্ভুক্ত রয়েছে ।

১০. পরিচালনা পর্ষদ ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত আর্থিক বছরের জন্য প্রতি শেয়ারে ০.৭৫ টাকা লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে (যার প্রতিটি শেয়ারের ফেস ভ্যালু ১০ টাকা) ।

১১. বর্তমান সময়ের শ্রেণীবিভাগের সাথে সামঞ্জস্য রাখার জন্য, যেখানে প্রয়োজন, পূর্ববর্তী সময়ের পরিসংখ্যানগুলোকে পুনর্গঠিত/পুনর্বিন্যাস করা হয়েছে ।

১২. উপরোক্ত ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফল স্টক এক্সচেঞ্জ সমূহে ফাইল করা হয়েছে সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-এর রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে। ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলের পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট **www.nseindia.com** এবং কোম্পানির ওয়েবসাইট **www.periatea.com** -তে পাওয়া যাবে। নিচে দেওয়া কিউআর কোডটি স্ক্যান করে এক্সেস করা যাবে।

স্থান: কলকাতা
তারিখ: ২৬.০৫.২০২৬

দি পেরিয়া কারামালাই টি অ্যান্ড প্রোডিউস কোং লিঃ -এর পক্ষে
স্বা/-
এল. এন. বাঙ্গুর
চেয়ারম্যান
DIN: 00012617



## কিরণ ব্যাপার লিমিটেড

রেজিঃ অফিস : ৭, মুন্সি প্রেমচাঁদ সরণি, হেস্টিংস, কলকাতা-৭০০ ০২২
দূরভাষ: (০৩৩) ২২২৩-৭১২৮/২৯, ফ্যাক্স: (০৩৩) ২২২৩ ১৫৬৯, ই-মেল : kvl@lnbgroup.com, ওয়েবসাইট : www.lnbgroup.com

**৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড নিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(লক্ষ টাকায় ইপিএস ব্যতীত)

| ক্র. নং | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন | | | | | কনসোলিডেটেড | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২৬ (উল্লেখ্য দ্রষ্টব্য ৪) | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ ডিসেম্বর ২০২৫ অনিরীক্ষিত | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২৫ (উল্লেখ্য দ্রষ্টব্য ৪) | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৬ নিরীক্ষিত | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৫ নিরীক্ষিত | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২৬ (উল্লেখ্য দ্রষ্টব্য ৪) | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ ডিসেম্বর ২০২৫ অনিরীক্ষিত | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২৫ (উল্লেখ্য দ্রষ্টব্য ৪) | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৬ নিরীক্ষিত | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৫ নিরীক্ষিত |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ১,৩৪৮.২২ | ১,৪৩১.০৭ | (১৭৮.৭৩) | ৬,৩০২.৫৩ | ৭,৩২০.৮৬ | ১,০৭৬.৬৭ | ৩,৫৪৭.০২ | ১,২০৫.০২ | ১০,৬৯০.৮২ | ১১,৮৬৯.৬২ |
| ২ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর ও ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব) | (১৭৫.৮৩) | ১৮৪.৬১ | (১,৫১০.১১) | ১,২৫৬.৪১ | ৪,২৬৫.৮২ | (১,৩১৯.৪৩) | ৫৫.০৩ | (৭১৫.৩৮) | ১,০৫৩.৬০ | ৮,৫১৪.৫৬ |
| ৩ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | (১৭৫.৮৩) | ১৮৪.৬১ | (১,৫১০.১১) | ১,২৫৬.৪১ | ৪,২৬৫.৮২ | (১,৩১৯.৪৩) | ৫৫.০৩ | (৭১৫.৩৮) | ১,০৫৩.৬০ | ৮,৫১৪.৫৬ |
| ৪ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ৩২৭.৯৬ | (১৯৭.৮১) | (১,২১১.৯১) | ১,১২৩.২০ | ৩,৫৫১.৯৫ | (১,০৪৫.৮৬) | (৪৮৯.৩৭) | (৬৮৯.৩৮) | ৫৪.৬৮ | ৬,৬১৫.১২ |
| ৫ | সময়কাল [সময়কালের (কর পরবর্তী লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)-এর অন্তর্গত] -এর জন্য মোট ব্যাপক আয় | (৪,২৮২.৩২) | ৩,৩৯৭.৬৪ | (৫,৯৬৩.৬৪) | ৬,১৯৭.৬৮ | ১২,১১৯.২৫ | (৬,৩২৪.৭০) | ৪,৩৫৫.৫৪ | (৭,৯৭৩.১৭) | ৮,৪৭১.৯৭ | ২০,৭০১.২৫ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটি ১০/- টাকা) | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ |
| ৭ | রিজার্ভ (পূর্ববর্তী বছরের ব্যালান্সশীটে প্রদর্শিত মতো পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে রিজার্ভ) | | | | ১,২০,৪৫২.৭৩ | ১,১৪,৫২৭.৯০ | | | | ২,২০,২৩৩.৫২ | ২,১১,৫২৮.৫২ |
| ৮ | শেয়ার প্রতি আয় প্রতিটি ১০/- টাকা (চলতি ও অচলতি কাজের জন্য) | | | | | | | | | | |
| | মৌলিক | ১.২০ | (০.৭৩) | (৪.৪৪) | ৪.১২ | ১৩.০২ | (৩.৮৮) | (১.৮১) | (২.৫৫) | ০.২০ | ২৪.৫২ |
| | মিশ্রিত | ১.২০ | (০.৭৩) | (৪.৪৪) | ৪.১২ | ১৩.০২ | (৩.৮৮) | (১.৮১) | (২.৫৫) | ০.২০ | ২৪.৫২ |

দ্রষ্টব্য -

১. উপরের আর্থিক ফলাফল নিরীক্ষণ সমিতি দ্বারা সমীক্ষিত এবং ২৬ মে, ২০২৬ তারিখের সভায় কিরণ ব্যাপার লিমিটেডের ('দি কোম্পানি') পরিচালন পর্ষদ দ্বারা অনুমোদিত ও নথিভুক্ত।

২. কোম্পানির আর্থিক ফলাফল প্রস্তুত করা হয়েছে ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস্ ('ইন্ড এএস') অনুসারে, কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস্) রুলস, ২০১৫-এর সঙ্গে পঠিত কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ -এর সেকশন ১৩৩ অধীনে প্রজ্ঞাপিত, যা কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস্) (অ্যামেন্ডমেন্ট) রুলস, ২০১৫ দ্বারা (সংশোধিত মতো) এবং প্রযোজ্য পরিধি পর্যন্ত অন্যান্য স্বীকৃত হিসাববিজ্ঞান পদ্ধতি ও নীতিমালার অনুসরণে প্রস্তুত করা হয়েছে ।

৩. সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া বা সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর শর্তানুযায়ী নিরীক্ষকগণ ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত বছরের পূর্বোক্ত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফলসমূহের নিরীক্ষা সম্পন্ন করেছেন এবং উক্ত প্রতিবেদনটি পরিচালনা পর্ষদের সম্মুখে উপস্থাপন করা হয়েছে ও পর্ষদ কর্তৃক তা নথিভুক্ত হয়েছে ।

৪. ৩১ মার্চ, ২০২৬ এবং ৩১ মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের সংখ্যা বা ফিগারসমূহ হলো পূর্ণাঙ্গ আর্থিক বছরের নিরীক্ষিত সংখ্যা এবং তৃতীয় ত্রৈমাসিকের শেষ পর্যন্ত প্রকাশিত বছর-থেকে-তারিখ পর্যন্ত সংখ্যাসমূহের মধ্যকার ভারসাম্যমূলক সংখ্যা, যা সংবিধিবদ্ধ নিরীক্ষক কর্তৃক সীমিত পর্যালোচনার অধীন ছিল; যা নিচে ৭ নম্বর টীকায় উল্লেখিত পুনঃবিবৃতির প্রভাব বিবেচনার পূর্ববর্তী ।

৫. (ক) কনসোলিডেটের ভিত্তিতে, গ্রুপটি দুটি কার্যপরিচালন খণ্ড বা সেগমেন্ট চিহ্নিত করেছে, যথা; (ক) অর্থায়ন ও বিনিয়োগ এবং (খ) বাণিজ্য; এবং এগুলোকে কার্যপরিচালন খণ্ড হিসেবে প্রকাশ করেছে । এই খণ্ডসমূহ ইন্ড এএস ১০৮, 'অপারেটিং সেগমেন্টস' অনুযায়ী চিহ্নিত করা হয়েছে ।
(খ) সেগমেন্টের রাজস্ব , ফলাফল এবং অন্যান্য তথ্যের মধ্যে একটি যৌক্তিক ভিত্তিতে বরাদ্দকৃত সংশ্লিষ্ট সেগমেন্টের অধীনে সনাক্তকরণযোগ্য পরিমাণসমূহ অন্তর্ভুক্ত রয়েছে । যেসকল উপাদান/তথ্য সমগ্র গ্রুপের সাথে সম্পর্কিত এবং কোনো নির্দিষ্ট কার্যপরিচালন খণ্ডের সাথে সরাসরি সনাক্ত করা যায় না, সেগুলোকে আলাদাভাবে অবণ্টনযোগ্য হিসেবে দেখানো হয়েছে ।

৬. রেগুলেশন ৩৩ অনুযায়ী জারিকৃত পর্যালোচনা প্রতিবেদনটি কোম্পানির ওয়েবসাইট www.lnbgroup.com -এ উপলব্ধ রয়েছে।

৭. মাননীয় ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চ (''এনসিএলটি''), ১৬ মার্চ, ২০২৬ তারিখের আদেশের মাধ্যমে একত্রীকরণ বা অ্যামালগামেশনের একটি স্কিম মঞ্জুর করেছে, যার অধীনে একটি ডাউন-স্টেপ সাবসিডিয়ারি কোম্পানি 'সুখদয় গ্রিনভিউ প্রাইভেট লিমিটেড' এবং একটি সহযোগী কোম্পানি 'প্লেসিড লিমিটেড', অন্যান্য গ্রুপ কোম্পানির ('হস্তান্তরকারী কোম্পানি') সাথে মহারাজা শ্রী উমাইদ মিলস লিমিটেড ('হস্তান্তরগ্রহীতা কোম্পানি' বা 'এমএসইউএমএল')-এর সাথে একীভূত হয়েছে ।
উক্ত স্কিম মঞ্জুর করে কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ২২৩ থেকে ২৩২ এবং অন্যান্য প্রযোজ্য বিধানাবলীর অধীনে এনসিএলটি -এর আদেশের একটি প্রত্যয়িত অনুলিপি ১৩ এপ্রিল, ২০২৬ তারিখে জারি করা হয়েছিল, যা সংশ্লিষ্ট হস্তান্তরকারী কোম্পানিসমূহ এবং এমএসইউএমএল কর্তৃক ২৫ এপ্রিল, ২০২৬ তারিখে রেজিস্ট্রার অব কোম্পানিজ, পশ্চিমবঙ্গ (''আরওসি'')-এর নিকট দাখিল করা হয়েছে ।
উক্ত স্কিম কার্যকর হওয়ার ফলশ্রুতিতে, উপরোক্ত ডাউন-স্টেপ সাবসিডিয়ারি এবং সহযোগী কোম্পানিটি স্কিমের নির্ধারিত নিয়োগের তারিখ অর্থাৎ ১ এপ্রিল, ২০২৪ থেকে এমএসইউএমএল -এর সাথে একীভূত হয়েছে এবং সুখদয় গ্রিনভিউ প্রাইভেট লিমিটেড ও প্লেসিড লিমিটেড -এ গ্রুপের বিনিয়োগের পরিবর্তে গ্রুপটিকে হস্তান্তরগ্রহীতা কোম্পানি এমএসইউএমএল -এর ইক্যুইটি শেয়ার বরাদ্দ করা হবে (শেয়ার বরাদ্দের প্রক্রিয়াটি বর্তমানে চলমান রয়েছে) ।
তদুপরি, হস্তান্তরকারী কোম্পানিসমূহের মালিকানাধীন হোল্ডিং কোম্পানির ইক্যুইটি শেয়ারসমূহ এমএসইউএমএল -এর কাছে স্থানান্তরিত হবে, যার ফলে হোল্ডিং কোম্পানিটি এমএসইউএমএল -এর সাবসিডিয়ারিতে পরিণত হবে এবং সুখদয় গ্রিনভিউ প্রাইভেট লিমিটেড ও প্লেসিড লিমিটেড-এ বিনিয়োগের পরিবর্তে গ্রুপকে এমএসইউএমএল -এর ইক্যুইটি শেয়ার বরাদ্দ করার পর, এমএসইউএমএল গ্রুপের একটি সহযোগী কোম্পানিতে পরিণত হবে ।
অতএব, সুখদয় গ্রিনভিউ প্রাইভেট লিমিটেড এবং প্লেসিড লিমিটেড-এর ১ এপ্রিল, ২০২৪ তারিখের মোট সম্পদ, সুখদয় গ্রিনভিউ প্রাইভেট লিমিটেড-এর আয় ও ব্যয় এবং প্লেসিড লিমিটেড-এর প্রেক্ষিতে গ্রুপের মুনাফা/(ক্ষতি)-র অংশ যা এরপর নথিভুক্ত করা হয়েছিল, তা ডি-রিকগনাইজড বা স্বীকৃতিমুক্ত করা হয়েছে এবং উপরোক্ত স্কিম কার্যকর হওয়া ও ১ এপ্রিল, ২০২৪-এর নির্ধারিত নিয়োগের তারিখ থেকে এমএসইউএমএল সহযোগী কোম্পানিতে পরিণত হওয়ার ফলে এমএসইউএমএল -এর প্রেক্ষিতে গ্রুপের মুনাফা/(ক্ষতি)-র অংশ স্বীকৃতি দেওয়া হয়েছে । তদনুসারে, উপরোক্ত প্রভাব কার্যকর করার জন্য ৩১ মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত বছরের প্রতিবেদনে প্রকাশিত সংখ্যা বা ফিগারসমূহ পুনঃবিবৃত করা হয়েছে ।

৮. পরিচালনা পর্ষদ এই সভায় আর্থিক বছর ২০২৫-২৬-এর জন্য ১০% হারে লভ্যাংশ অর্থাৎ প্রতি ইক্যুইটি শেয়ারে ১/- টাকা লভ্যাংশের সুপারিশ করেছে, যা বার্ষিক সাধারণ সভায় চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে নির্ধারিত হবে।

৯. উপরের ফর্ম্যাট ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের নির্যাস, যা সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক ফলাফল স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ **www.bseindia.com** এবং কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ **www.lnbgroup.com** -তে পাওয়া যাবে। নিচের কিউআর কোডটি স্ক্যান করেও এটি দেখা যাবে।

স্থান: কলকাতা
তারিখ: ২৬ মে, ২০২৬

পর্ষদের পক্ষে
কিরণ ব্যাপার লিমিটেড-এর পক্ষে
স্বা/-
এল. এন. বাঙ্গুর
চেয়ারম্যান
DIN: 00012617